


এই বিজ্ঞপ্তি এশিয় উন্নয়ন ব্যাংক (ADB) পরিচালিত সকলপ্রকার প্রকল্পের  
জন্য কার্যকর



চিত্র নং-১ ক্ষোভ নিরসনের পদ্ধতি।

Project Director  
SIPMIU, NERCCDIP, ADB

## পুনর্বাসন পরিকল্পনা

নথি পর্যায় : আলোচনার জন্য খসরা

প্রকল্প নম্বর : ৩৫২৯০

ফেব্রুয়ারী ২০১১

ভারত : উত্তর পূর্বাঞ্চলের রাজ্যগুলির রাজধানী শহর সমূহের উন্নয়নে  
বিনিয়োগ(প্রকল্প : আগরতলা জল সরবরাহ, ভুগভঙ্গ জল পরিশোধনাগার  
এবং জলাধার নির্মাণ)।

রাজ্য বিনিয়োগ প্রকল্প ব্যবস্থাপনা এবং রূপায়ণ বিভাগ(সিপমিউ), নগর উন্নয়ন  
দপ্তর দ্বারা তৈরী

ত্রিপুরা সরকারের জন্য উত্তর পূর্বাঞ্চলের রাজ্যগুলির শহর সমূহের উন্নয়নে  
বিনিয়োগ প্রকল্প (এন ই আর সি সি ডি আই পি)

## প্রকল্পের উদ্দেশ্য

১/ উত্তর পূর্বাঞ্চলের রাজ্যগুলির রাজধানী শহর সমূহের উন্নয়নে বিনিয়োগ প্রকল্পের(এন ই আর সি সি ডি আই পি) লক্ষ্য হল প্রকল্প অন্তর্ভুক্ত শহর আগরতলা, আইজল,কোহিমা, গ্যাংটক এবং শিলং এ বিনিয়োগের মাধ্যমে নগর পরিকাঠামোর উন্নয়ন ও নিম্ন লিখিত বিভাগ গুলিতে উন্নততর পরিষেবা প্রদান (১) জল সরবরাহ (২) পয়ঃপ্রণালী ব্যবস্থা ও স্বাস্থ্য বিধান এবং (৩) বর্জ্য পদার্থের ব্যবস্থাপনা। এন ই আর সি সি ডি আই পির প্রত্যাশিত প্রভাব হল অর্থনৈতিক উন্নয়ন, দারিদ্র্য হ্রাস এবং পূর্বাঞ্চলের রাজ্যগুলির সঙ্গে দেশের বাকি অংশের সমতা আনয়ন। এই পরিকল্পনার অভিপ্রেত পরিমাণ এন ই আর সি সি ডি আই পি ভুক্ত শহরগুলিতে বসবাসকারি(বস্তিবাসী সহ) জনগনের জন্য উন্নত পরিবেশ জীবন যাত্রার মান উন্নয়ন করা।

২) এশিয় উন্নয়ন ব্যাংক (ADB) এর আর্থিক সহায়তায় উত্তর পূর্বাঞ্চলের রাজ্যগুলির রাজধানী শহর সমূহের উন্নয়ন ২০১০ইং হইতে ৬ বৎসরব্যাপী রূপায়িত হইবে। ত্রিপুরা সরকারের নগর উন্নয়ন দপ্তরের তত্ত্বাবধানে রাজ্য বিনিয়োগ প্রকল্প ব্যবস্থাপনা এবং রূপায়ণ বিভাগ(সিপমিউ), উক্ত প্রকল্প রূপায়ণ করিবে।

৩) আগরতলা শহরের পৌর এলাকার বর্তমান জল সরবরাহের উন্নতি বিধানের লক্ষে এন ই আর সি সি ডি আই পি প্রকল্পের আওতাধীন যত গুলি উপ প্রকল্প তৈরী করা হইয়াছে যাহার একমাত্র লক্ষ্য পুর নিগমের পরিকাঠামো এবং পরিষেবার মান উন্নয়ন করা। এই প্রকল্পের অধীনে আগরতলা পৌর এলাকার পরিশ্রুত পানীয় জল সরবরাহ, বর্জ্য পদার্থের বিজ্ঞানসম্মতভাবে পুনঃব্যবহার/ব্যবস্থাপনা, সম্পত্তিকর পুনর্বিন্যাস এবং সংস্কার কর্মসূচী অন্যতম। ২০১৫সনের মধ্যে এই প্রকল্পের কাজ সম্পন্ন করা হইবে। জল সরবরাহ

প্রকল্পটি আগরতলা শহরের মধ্যাঞ্চলে (১৩.০৮৪ বর্গ কিঃমিঃ) এবং দক্ষিণাঞ্চলে (২২.৮২৬ বর্গ কিঃমিঃ) রূপায়িত হইবে। বর্জ পদার্থের ব্যবস্থাপনায় শহরে সমস্ত অঞ্চলকেই নেওয়া হবে।

এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাঙ্ক (ADB) এর আর্থিক সহায়তায় ভারত সরকারের মাধ্যমে তৃতীয় পর্যায়ে গৃহিত কাজের সংক্ষিপ্ত বিবরণঃ

প্রকল্পের তৃতীয় পর্যায়ের (Tranche-III) বিবরণ :

ক) আগরতলা পৌর এলাকার মধ্যাঞ্চলের (Central Zone) জল সরবরাহের উন্নতি করণ :

আগরতলা শহরের পৌর এলাকার হাওড়া নদী এবং কাটাখালের মাঝখানের এলাকায় (Central Zone) পাইপ লাইনগুলি অনেক পুরানো এবং বেশীর ভাগ লাইন মাটির প্রায় ৭/৮ ফুট নীচে চলে গেছে যে কারণে এই লাইন গুলি মেরামত করা ব্যয় সাধ্য এবং কষ্ট সাধ্য। আগরতলা পৌর এলাকার অন্তর্গত মধ্যাঞ্চলের (Central Zone) বিশুদ্ধ পানীয় জল সরবরাহের উন্নতিকরণের জন্য এই পুরানো পাইপ লাইন গুলি পরিবর্তন করে নূতন পাইপ লাইন বসানোর কাজ করা হবে।

এই নতুন পাইপ লাইনের দৈর্ঘ্য আনুমানিক ১৭৬কিঃমিঃ। তার মধ্যে আনুমানিক ৫১ কিঃমিঃ পাইপ লাইন যন্ত্রের মাধ্যমে রাস্তা সম্পূর্ণ না কেটে

শুধুমাত্র মাটির নীচ কেটে (Horizontal Boring এর মাধ্যমে) বসানো হবে যাতে রাস্তার কোন ক্ষতি সাধন না হয়। বাকি আনুমানিক ১২৫কিঃমিঃ পাইপ লাইন রাস্তা কেটে (Open cut) করা হবে এবং রাস্তা কাটার জন্যে, রাস্তা সারানোর সংস্থানও রাখা আছে।

তাছারা আগরতলা পৌর এলাকার জল সরবরাহ ব্যবস্থা উন্নতিকল্পে ১২টি গভীর নলকূপ (Deep Tube Well) খনন করা হবে। কঠিন বর্জ্য পদার্থের সংগ্রহ ও পরিবহনের সুবিধার্থে প্রয়োজনীয় গাড়ীর ও যন্ত্রাদির ব্যবস্থা করা হবে। স্বাস্থ্য সন্মতভাবে শৌচালয়ের বর্জ্য পদার্থগুলো সংগ্রহ ও শোধন করা।

খ) বর্জ্য পদার্থ পরিবহন করার যন্ত্রাংশ ক্রয় :

আগরতলা পৌর এলাকায় বর্তমানে বর্জ্য পদার্থের নিষ্কাশনের জন্য যে বিজ্ঞান সন্মত ব্যবস্থাপনা আছে তাহা আরও উন্নতকরণের জন্য কিছু নতুন যন্ত্রাংশ ক্রয় করার সংস্থান তৃতীয় পর্যায়ে রাখা আছে।

এই নতুন যন্ত্রাংশের মাধ্যমে আগরতলা পৌর এলাকার বর্জ্য পদার্থ পরিবহন করে, বর্তমান যে বর্জ্য পদার্থ শোধনাগারটি চালু আছে ওখানে নিয়ে যাওয়ার ক্ষমতা অনেকাংশে বৃদ্ধি পাবে।

ভূমি অধিকাংশ ও পুনর্বাসন

জলাধার ও ভূগর্ভস্থ জল পরিশোধন কেন্দ্র নির্মাণ এবং গভীর নলকূপ স্থাপনের প্রেক্ষিতে সার্ভে করার সময় পৌর এলাকার খালি জায়গা(Vacant Land) এর প্রতি গুরুত্ব দেওয়া হইয়াছে যাতে পুনর্বাসনের ব্যবস্থার প্রয়োজন না হয়।

এমনভাবে পাইপ লাইন মাটির নীচ দিয়া বসানো হইবে যাহাতে কোণ বাড়ি বা ব্যবসায়ীর দোকান ঘর ভাঙ্গিতে না হয়। যে সমস্ত ক্ষেত্রে কাজ চলাকালীন সময়ে ঘরে পৌঁছানোর সাময়িক অসুবিধা সৃষ্টি হইতে পারে সেই ক্ষেত্রে রাত্রিবেলায় পাইপ লাইনের কাজ করা হইবে।

### তথ্যের প্রকাশ আলোচনা ও অংশগ্রহণ

পরিপূরক তথ্য সংগ্রহের জন্য পৌর নাগরিকের সঙ্গে প্রস্তাবিত উন্নয়ন প্রকল্প, তার আর্থ সামাজিক প্রভাব এবং প্রস্তাবিত সংস্কার কর্মসূচী সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হইয়াছে। প্রকল্প এলাকা পরিদর্শনের সময় স্থানীয় জনগন প্রকল্প সম্পর্কে তাদের উৎসাহ এবং আগ্রহ প্রকাশ করিয়াছে।

### অভিযোগ নিরসন

যদি কোন ব্যক্তি বা সংস্থার কোন দাবী/অভিযোগ থাকে তাহা হইলে উক্ত ব্যক্তি বা সংস্থা নিম্ন সারণী অনুসারে অভিযোগ নিরসনের জন্য আবেদন করিতে পারেন।